# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 24 May, 2025

চট্টগ্রাম দক্ষিণ জেলার ৮ উপজেলা ও ৬ পৌসভা কমিটি ঘোষণার পরই গঠন করা হবে করা হবে ইউনিয়ন ও ওয়ার্ড বিএনপি কমিটি। খুব সহসা এসব কমিটি ঘোষণা করা হবে বলে জানিয়েছেন জেলা নেতৃবৃন্দ।

এ প্রসঙ্গে জানতে চাইলে দক্ষিণ জেলা বিএনপির সদস্য সচিব লায়ন হেলাল উদ্দিন বলেন, যোগ্য ও ত্যাগীদের নিয়ে আহ্বায়ক কমিটিগুলো ঘোষণা দেওয়া হবে।এ ক্ষেত্রে দলের কেন্দ্রীয় সাংগঠনিক কমিটি সার্বিক তদারকি করবেন।প্রথমে দক্ষিণ জেলার ৮ উপজেলা ও ৬ পৌসভার আহ্বায়ক কমিটি ঘোষণা হবে।এরপর ঘোষণা দেওয়া হবে ইউনিয়ন ও ওয়ার্ড বিএনপি কমিটি।

প্রসঙ্গত, ২২ মে দক্ষিণ জেলা বিএনপির পূর্ণাঙ্গ আহ্বায়ক কমিটির প্রথম সভায় দক্ষিণ জেলা আওতাধীন মেয়াদোত্তীর্ণ সকল উপজেলা, পৌরসভা, ইউনিয়ন ও ওয়ার্ড কমিটি বিলুপ্ত করা হয়। দলের সাংগঠনিক গতিশীলতা ও পুনর্গঠনের লক্ষ্যে জেলা কমিটি এ সিদ্ধান্ত নেয়। পরে তৃণমূল ত্যাগী কর্মীদের মতামতের ভিত্তিতে নতুন নেতৃত্ব নির্ধারণ করা হবে বলে জানায় দলটি।

এছাড়া ওই দিনের সভায় অন্যান্য সিদ্ধান্তের মধ্যে রয়েছে, গঠনতান্ত্রিক প্রক্রিয়া অনুসরণ করে গণতান্ত্রিক প্রক্রিয়ার মাধ্যমে ওয়ার্ড, ইউনিয়ন, উপজেলা ও পৌরসভা কমিটি গঠন সম্পন্ন করে জেলা সম্মেলন করা হবে।বিএনপি এবং জিয়া পরিবারের নাম দিয়ে ভূঁইফোড় সংগঠন যত্রতত্র দলীয় কার্যালয় এবং দলীয় শৃঙ্খলাবিরোধী যারা অনৈতিক কর্মকাণ্ড চালাচ্ছে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ এবং জেলা বিএনপির নেতৃত্বে সদস্য নবায়ন ও নতুন সদস্য সংগ্রহ ফরম বিতরণ কার্যক্রম পরিচালনা করা হবে।

বিএনপি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:33

URL: https://www.timestodaybd.com/chittagong/2881775807